

বাংলাদেশ এসোসিয়েশন অস্ট্রেলিয়া'র ২০০৭ - ০৮ নির্বাচন অনুষ্ঠিত

সোনার বাংলা রিপোর্টঃ বাংলাদেশ এসোসিয়েশন অস্ট্রেলিয়ার (২০০৭-২০০৮) এর নির্বাচন অনুষ্ঠিত হয় ল্যাকেস্মাস্থ কারাই মাসালা রেষ্টুরেন্টে গত ৯ জুন, শনিবার। মধ্যাহ্ন ভোজের পর অনুষ্ঠিত সভায় আগামী বছরের কার্যকরী পরিষদ গঠনের জন্য নির্বাচন কমিশনার হিসেবে মোহাম্মদ মহিউদ্দীনকে মনোনীত করা হয়। মোহাম্মদ মহিউদ্দীন অত্যন্ত সুন্দরভাবে নির্বাচন পরিচালনা করেন। সভায় সর্বসম্মতিক্রমে রবীন বনিককে সভাপতি ও মোহাম্মদ আবুল কালাম খানকে সাধারণ সম্পাদক করে ২০০৭-২০০৮ সালের জন্য ১৪ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ গঠিত হয়। নব গঠিত কার্যকরী পরিষদের সদস্যরা আগামী বছর সংগঠন গৃহীত সকল কর্মসূচী সফলভাবে সম্পন্ন করা ও সংগঠনকে আরো গতিশীল করার অঙ্গীকার ব্যক্ত করেন। সভাপতি রবীন বনিক নির্বাচন কমিশনার মোহাম্মদ মহিউদ্দীনকে সুন্দরভাবে নির্বাচন পরিচালনার জন্য ধন্যবাদ জানান এবং সবশেষে সংগঠনের সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপনের মধ্যদিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

২০০৭-০৮ সালের জন্য কার্যকরী পরিষদ :

সভাপতি: রবীন বনিক

সহ-সভাপতি: ডা. আব্দুল ওয়াহাব বকুল

সাধারণ সম্পাদক: মোহাম্মদ আবুল কালাম খান

সহ- সাধারণ সম্পাদক: জাহাঙ্গীর কবির বাবলু

কোষাধ্যক্ষ: মোঃ এনামুল হক

সাংস্কৃতিক সম্পাদক: শেখ মোঃ আব্দুল কাইয়ুম

প্রচার ও প্রকাশনা সম্পাদক: তানভীর আহমেদ

ক্রীড়া সম্পাদক: মোহাম্মদ হোসেন টিপু

দপ্তর ও প্রেস সেক্রেটারী: এ্যাঙ্কনী তপন ডি কণ্ঠা

সদস্যবৃন্দঃ

একেএম শামসুজ্জামান

মোঃ মনসুরুল রহমান

মো. আতাউর রহমান খান লেমন

গাজী কামরুল হুসাইন ও

ইফতেখার উদ্দিন ইফতু।